রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল, ঢাকা।

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ অক্টোবর ২০০৬খ্রিঃ/১ কার্তিক ১৪১৩ বঙ্গাব্দ

এস, আর, ও নং ২৬৭/আইন/২০০৬।—বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ২০নং আইন) এর ধারা ২০ এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই প্রবিধানমালা বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল লাইসেন্স প্রবিধানমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "অনুমতিপত্র" অর্থ আইনের ধারা ১০(১) এর অধীন প্রদত্ত অনুমতিপত্র;

(খ) "আইন" অর্থ বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ২০ নং আইন);

(গ) "উদ্যোক্তা কোম্পানী" অর্থ আইনের ধারা ২(খ) এ সংজ্ঞায়িত উদ্যোক্তা কোম্পানী;

(ঘ) "জোন" অর্থ আইনের ধারা ১১ এর অধীন ঘোষিত কোন বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল;



মূল্য ঃ টাকা ১০.০০

(ঙ) "নির্বাহী সেল" অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত বোর্ডের নির্বাহী সেল;

(চ) "বোর্ড" অর্থ আইনের ধারা ৩ এর অধীন গঠিত গভর্ণর বোর্ড;

(ছ) "মহাপরিচালক" অর্থ নির্বাহী সেল এর মহাপরিচালক;

(জ) "লাইসেন্স" অর্থ আইনের ধারা ১১(২) এর অধীন মঞ্জুরকৃত কোন লাইসেন্স।

৩। **লাইসেন্সের জন্য দরখাস্ত।**—(১) উদ্যোক্তা কোম্পানীকে জোন প্রতিষ্ঠার জন্য লাইসেন্সের দরখাস্ত এই প্রবিধানমালার সহিত সংযোজিত ফরম 'ক' পূরণক্রমে মহাপরিচালকের নিকট দাখিল করিতে হইবে।

(২) উক্ত ফরম নির্বাহী সেলের কার্যালয় হইতে উক্ত সেলের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে ১০০ (একশত) মার্কিন ডলার বা সমপরিমাণ বাংলাদেশী মুদ্রা জমা প্রদান করিয়া ক্রয় করা যাইবে।

৪। **লাইসেন্স প্রদান পদ্ধতি।**—(১) যথাযথভাবে পূরণকৃত ফরমে বোর্ডে দরখাস্ত দাখিলের তারিখ হইতে অনূর্ধ্ব ৯০ (নব্বই) দিনের মধ্যে আইন ও প্রবিধানমালা অনুসারে উক্ত দরখাস্তে উল্লিখিত বিষয়গুলির সত্যতা যাচাই ও প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি পর্যালোচনা বা, ক্ষেত্রমত তদন্ত করিয়া বোর্ড উহা মঞ্জুর বা নামঞ্জুর করিতে পারিবে।

(২) লাইসেন্সের জন্য দরখাস্ত বিবেচনার সুবিধার্থে বোর্ড দরখাস্তকারীর নিকট হইতে দরখাস্তে উল্লিখিত তথ্য বা সংযুক্ত কাগজপত্রের অতিরিক্ত প্রয়োজনীয় তথ্য বা কাগজপত্র তলবসহ প্রয়োজনে উপস্থাপিত কোন তথ্য বা কাগজপত্র সম্পর্কে দরখাস্তকারীর নিকট হইতে ব্যাখ্যা চাহিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন কোন লাইসেন্স মঞ্জুর না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে বোর্ড উহার যুক্তিসংগত কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরখাস্তকারীকে অবহিত করিবে।

(৪) উপ-প্রবিধান (১) এর অধীন কোন লাইসেন্স মঞ্জুর করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে বোর্ড উক্ত সিদ্ধান্ত গ্রহণের তারিখ হইতে অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরখাস্তকারীকে অবহিত করিবে এবং সিদ্ধান্ত অবহিত হইবার ১৫ (পনের) দিনের মধ্যে দরখাস্তকারীকে লাইসেন্স ফি বাবদ এককালীন ১,০০,০০০/- (এক লক্ষ) মার্কিন ডলার বা সমপরিমাণ বাংলাদেশী মুদ্রা এবং লাইসেন্স ফি বাবদ বাৎসরিক একর প্রতি ২০ (বিশ) মার্কিন ডলার বা সমপরিমাণ বাংলাদেশী মুদ্রা নির্বাহী সেলের অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে পরিশোধ করিবার নির্দেশ প্রদান করিবে।

(৫) দরখাস্তকারী কর্তৃক উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত লাইসেন্স ফি জমা প্রদান করা হইলে বোর্ড উহার সিদ্ধান্ত অনুসারে এই প্রবিধানমালার সহিত সংযোজিত ফরম 'খ' তে লাইসেন্স প্রদান করিবে।

(৬) বোর্ড তৎকর্তৃক ইস্যুকৃত প্রতিটি লাইসেন্সের অনুলিপি সংরক্ষণ করিবে।

(৭) বোর্ড প্রয়োজনে, সময় সময়, উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত লাইসেন্স ফি সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা পুনঃনির্ধারণ করিতে পারিবে।

৫। **লাইসেন্সের মেয়াদ।**—এই প্রবিধানমালার অধীন ইস্যুকৃত লাইসেন্স আইনের ধারা ১৯ এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড কর্তৃক বাতিল বা প্রত্যাহার না করা পর্যন্ত উহা কার্যকর থাকিবে।

৬। **লাইসেন্সের শর্তাবলী।**—(১) বোর্ড আইন ও প্রবিধানের সহিত সংগতিপূর্ণ যে কোন শর্ত লাইসেন্সে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এ বর্ণিত ক্ষমতার সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া লাইসেন্সে নিম্নবর্ণিত যেকোন বা সকল শর্ত অন্তর্ভুক্ত করা যাইবে, যথা ঃ—

(ক) উদ্যোক্তা কোম্পানী কর্তৃক দাখিলকৃত উন্নয়ন কর্ম পরিকল্পনা উহাতে নির্দিষ্টকৃত সময়সীমার মধ্যে বাস্তবায়ন করিতে হইবে, তবে উদ্যোক্তা কোম্পানীর নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণে উক্ত পরিকল্পনা বাস্তবায়নে বিলম্বিত হইলে, সংশ্লিষ্ট কোম্পানীর আবেদনের প্রেক্ষিতে উক্ত সময় সীমা বৃদ্ধি করা যাইবে;

(খ) উদ্যোক্তা কোম্পানীর পরিচালনাধীন জোনে মোট ভূমির ৬০% (শতকরা ষাট ভাগ) বা বোর্ড কর্তৃক নির্দিষ্ট পরিমাণ ভূমিতে শিল্প প্লট এবং অবশিষ্ট অংশ সার্ভিস ও অন্যান্য সুবিধাদির জন্য ব্যবহার করিতে হইবে;

(গ) জোন এলাকার ভূমি, উদ্যোক্তা কোম্পানী কর্তৃক দাখিলকৃত ও বোর্ড কর্তৃক অনুমোদিত উন্নয়ন কর্ম পরিকল্পনা বহির্ভূত অন্য কোন কাজে ব্যবহার যাইবে না;

(ঘ) বাংলাদেশের শিল্পনীতি অথবা এতদুদ্দেশ্যে সময় সময় সরকার কর্তৃক জারিকৃত নির্দেশাবলীর পরিপন্থী কোন শিল্প স্থাপন করা যাইবে না;

(ঙ) আন্তর্জাতিক আইন, চুক্তি, কনভেশন, প্রটোকল এর মাধ্যমে নিষিদ্ধ অথবা দেশের নিরাপত্তা ক্ষুণ্নকারী কিংবা পরিবেশ দূষণকারী কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন করা যাইবে না;

(চ) জোন এলাকার স্থাপিত শিল্প কারখানা হইতে নিঃসরিত বর্জ্য ব্যবস্থাপনা দেশে প্রচলিত আইনের বিধান অনুযায়ী করিতে হইবে এবং সে লক্ষ্যে বর্জ্য অপসারণ প্লান্ট (waste disposal plant), ক্ষেত্রমত বা বর্জ্য পরিশোধন প্লান্ট (effulent treatment plant), সংশ্লিষ্ট শিল্প কারখানায় পৃথকভাবে বা জোন এলাকায় কেন্দ্রীয়ভাবে স্থাপন করিতে হইবে;

(ছ) জোন এলাকার শিল্প স্থাপনের পূর্বে পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১ নং আইন) এর ধারা ১২ এর বিধান মোতাবেক পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করিতে হইবে;

(জ) দেশে প্রচলিত পরিবেশ সংক্রান্ত আইনের বিধি-বিধান অনুসরণ করিয়া উদ্যোক্তা কোম্পানী জোন এলাকার সামগ্রিক অবকাঠামো (পাহাড় কর্তন ও ভূ-প্রকৃতির পরিবর্তন হইতে পারে এমন কোন পদক্ষেপ গ্রহণসহ) নির্মাণ পরিকল্পনা বোর্ডের নিকট উপস্থাপন করিবে এবং এইরূপ পরিকল্পনা বোর্ডের অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করা যাইবে;

(ঝ) উদ্যোক্ত কোম্পানীকে জোন এলাকায় অগ্নি নির্বাপণের যাবতীয় ব্যবস্থাদি রাখিতে হইবে;

(ঞ) জোন এলাকার অভ্যন্তরে অবস্থিত অধিগ্রহণকৃত নয় এমন সকল ধর্মীয় ও অন্যান্য স্থাপনায় জনসাধারণের চলাচলের ও ব্যবহারের জন্য রাস্তা রাখিতে হইবে এবং উক্ত রাস্তা জনসাধারণের অবাধ ও নির্বিঘ্ন যাতায়াত নিশ্চিত করিতে হইবে;

(ট) বোর্ডের অনুমোদন ব্যতিরেকে লাইসেন্স বা লাইসেন্সপ্রাপ্ত কোম্পানীর মালিকানা বা অন্য কোন ব্যক্তি বা কোম্পানীর নিকট হস্তান্তর করা যাইবে না।

৭। **লাইসেন্সের শর্তাবলী সংশোধন।**—(১) বোর্ড আইন ও প্রবিধানের উদ্দেশ্য পূরণকল্পে, তদধীনে ইস্যুকৃত লাইসেন্সের যে কোন শর্ত আইন বা প্রবিধান অনুসারে সংশোধন করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, লাইসেন্স গ্রহীতাকে ৬০ (ষাট) দিনের নোটিশ প্রদান না করিয়া এই প্রবিধানের অধীন লাইসেন্সের কোন শর্ত সংশোধন করা যাইবে না।

(২) বোর্ড লাইসেন্স গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে যুক্তিসংগত মনে করিলে লাইসেন্সের কোন শর্ত যে কোন সময় সংশোধন করিতে পারিবে।

৮। **বিদ্যমান দরখাস্ত সম্পর্কে বিধান।**—এই প্রবিধানমালা প্রবর্তনের সময় জোন প্রতিষ্ঠার জন্য লাইসেন্স প্রাপ্তির উদ্দেশ্যে কোন দরখাস্ত বোর্ডের নিকট বিবেচনাধীন থাকিলে উক্ত দরখাস্ত এই প্রবিধানামালার অধীন দাখিলকৃত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং উহা এই প্রবিধানমালার বিধান অনুসারে নিষ্পন্ন করিতে হইবে।

৯। **ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই প্রবিধানমালা প্রবর্তনের পর বোর্ড যতশীঘ্র সম্ভব, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই প্রবিধানমালার ইংরেজীতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ প্রকাশ করিবে, যাহা এই প্রবিধানমালার নির্ভরযোগ্য ইংরেজী পাঠ (Authentic English Text) নামে অভিহিত হইবে।

(২) উপ-প্রবিধান (১) উল্লিখিত ইংরেজী পাঠ এবং এই প্রবিধানমালার মধ্যে কোন বিরোধের ক্ষেত্রে এই প্রবিধানামালা প্রাধান্য পাইবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্ণর বোর্ড

(নির্বাহী সেল)

ফরম 'ক'

প্রবিধান ৩(১) দ্রষ্টব্য

লাইসেন্স প্রাপ্তির দরখাস্ত

| | | | |
|---|---|---|---|
| ১. | জোনের নাম ঃ | | |
| ২. | ঠিকানা ঃ | | |
| | (ক) কার্যালয় ঃ | | |
| | বাড়ী/হোল্ডিং নং | সড়ক নং ঃ | ফোন নং ঃ |
| | এলাকা | | ফ্যাক্স নং ঃ |
| | শহর/জেলা | | ই-মেইল ঃ |
| | (খ) জোন ঃ | | |
| | মৌজা/গ্রাম ঃ | | ফোন নং ঃ |
| | প্লট/হোল্ডিং নং | ডাকঘর ঃ | ফ্যাক্স নং ঃ |
| | থানা/উপজেলা | শহর/জেলা ঃ | ই-মেইল ঃ |
| ৩. | উদ্যোক্তাদের পরিচিতি (সংলগ্নী-১ এ বিস্তারিত তথ্য প্রদান করিতে হইবে) ঃ | | |
| | (১) প্রধান উদ্যোক্তার নাম ঃ<br>(২) স্থায়ী ঠিকানা ঃ<br>(৩) যোগাযোগের ঠিকানা ঃ<br>(৪) অভিজ্ঞতা (শিল্প/ব্যবসায়) ঃ | | |
| ৪. | টি আই এন নম্বর ঃ<br>(প্রধান উদ্যোক্তার (প্রস্তাবিত ক্ষেত্রে)/প্রতিষ্ঠানের (বিদ্যমান ক্ষেত্রে) কপি সংযুক্ত করিতে হইবে) | | |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত তথ্য ঃ<br>(ক) জোন উন্নয়ন কাজ সমাপ্তির তারিখ ঃ<br>(খ) জোনের অভ্যন্তরে স্থাপিত শিল্পসমূহের বাণিজ্যিক উৎপাদন শুরুর সম্ভাব্য তারিখ ঃ | | |

| ৬. | বিনিয়োগ ঃ | | | |
|---|---|---|---|---|
| | বিবরণ | স্থানীয় মুদ্রায় (মিলিয়ন টাকা) | বৈদেশিক মুদ্রায় (মিলিয়ন টাকা) | মোট (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থায়ী বিনিয়োগ ঃ | | | |
| | (১) ভূমি (সংলগ্নী-৩) | | | |
| | (২) ভবন | | | |
| | (৩) অবকাঠামো (সংলগ্নী-৪) | | | |
| | (৪) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | | | |
| | (৫) অন্যান্য | | | |
| | (খ) চলতি মূলধন (৩ মাসের)ঃ | | | |
| | মোট ঃ মিলিয়ন টাকা (ক+খ) | | | |
| | মোটঃ মিলিয়ন মার্কিন ডলার (বিনিময় হার) | | | |

| ৭. | বিনিয়োগের উৎস (ঋণের ক্ষেত্রে প্রমাণ পত্রের অনুলিপি সংযুক্ত করুন) ঃ | | | | |
|---|---|---|---|---|---|
| | উৎস | স্থানীয় (মিলিয়ন টাকা) | বৈদেশিক (মিলিয়ন টাকা) | মোট (মিলিয়ন টাকা) | ঋণ প্রদানকারী সংস্থা ও বিনিয়োগকারী দেশের নাম |
| | (ক) উদ্যোক্তার সমমূলধন | | | | |
| | (খ) স্থানীয় ব্যাংক ঋণ | | | | |
| | (গ) বৈদেশিক ঋণ | | | | |
| | মোট ঃ মিলিয়ন টাকা | | | | |
| | মিলিয়ন মার্কিন ডলার (বিনিময় হার) | | | | |

| ৮. | সমমূলধন ও ঋণের অনুপাত | সমমূলধন..................% | ঋণ..............................% |
|---|---|---|---|

| ৯. | যন্ত্রপাতি ও সরঞ্জামাদির তালিকা (সংলগ্নী—৫ অনুসারে তালিকা সংযুক্ত করুন) ঃ | | |
|---|---|---|---|
| | যন্ত্রপাতি ও সরঞ্জামাদির বিবরণ | সংখ্যা | আনুমানিক মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীতব্য | | |
| | (খ) আমদানী/আমদানীতব্য | | |
| | মোট (ক+খ)ঃ মিলিয়ন টাকা | | |

| ১০. | বার্ষিক সেবা প্রদানের ক্ষমতাঃ | | |
|---|---|---|---|
| | উপযোগ/সেবার নাম | সংখ্যা/পরিমাণ | আনুমানিক মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) শিল্প প্লট/অন্যান্য সেবা | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১. | কাঁচামাল ও মোড়ক উপকরণের বিবরণ (যদি থাকে) ঃ | | | | | |
| | (ক) স্থানীয় ঃ | | | | | |
| | (খ) আমদানীযোগ্য ঃ | | | | | |
| ১২. | প্রয়োজনীয় উপযোগ — সেবার বিবরণ ঃ | | | | | |
| | উপযোগ-সেবার নাম | প্রয়োজনীয় পরিমাণ | | সময় | | নিকটস্থ সংযোগ উৎস হতে সম্ভাব্য দূরত্ব (মিটারে) |
| | | সর্বনিম্ন | সর্বোচ্চ | মাস | বৎসর | |
| | বিদ্যুৎ (মেগাওয়াট) | | | | | |
| | গ্যাস (ঘনফুটে) | | | | | |
| | টেলিফোন (সংযোগ সংখ্যায়) | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩. | কর্মসংস্থান | স্থানীয় | বিদেশী | মোট |
| | (ক) ব্যবস্থাপনা | | | |
| | (খ) কর্মচারী/শ্রমিক | | | |
| | মোট ঃ | | | |
| ১৪. | শিল্পের ধরণ (সংলগ্নী-২ এ বিস্তারিত বিবরণ প্রদান করিতে হইবে) ঃ | | | |
| ১৫. | লাইসেন্স ফি জমাদানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের নম্বর ও তারিখ ঃ টাকাঃ<br>ব্যাংক ও শাখার নাম ঃ | | | |

আমি ঘোষণা করিতেছি যে, আমার জানামতে দরখাস্তে উল্লিখিত সকল বর্ণিত তথ্য সত্য ও সঠিক।

স্বাক্ষর.............................

নাম ঃ

পদবীঃ (ব্যবস্থাপনা পরিচালক/(অংশীদার)/স্বত্বাধিকারী)

দরখাস্তের সহিত যে সকল কাগজপত্রাদি জমা দিতে হইবে ঃ

(ক) যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্রের দুই কপি;

(খ) পাবলিক/প্রাইভেট লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে ইনকর্পোরেশন সার্টিফিকেটসহ মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এর সত্যায়িত ২ (দুই) কপি এবং অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্রের সত্যায়িত ২ (দুই) কপি;

(গ) প্রকল্পের ভূমির মালিকানা সম্পর্কিত দলিল পত্রাদি সত্যায়িত ২ (দুই) কপি;

(ঘ) মোট প্রকল্প ব্যয় টাকা ৫০ (পঞ্চাশ) মিলিয়নের অধিক হলে প্রজেক্ট প্রোফাইল/ফিজিবিলিটি স্টাডি এর ২ (দুই) কপি;

(ঙ) লাইসেন্স ফি প্রদানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার;

(চ) জোনের স্থান নির্বাচন সংক্রান্ত অনুমতিপত্রের সরকারী গেজেট কপিসহ জোন ঘোষণার সরকারী গেজেটের কপি।

*[ নোট ঃ এই ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করা যাইবে। ]*

সংলগ্নী—১

## উদ্যোক্তার পরিচিতি

| ক্রমিক নং | উদ্যোক্তার নাম ও বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা ও জাতীয়তা | ক. বিদ্যমান ব্যবসা/শিল্পের বিবরণ<br>খ. প্রস্তাবিত প্রকল্পে অংশীদারিত্ব (%) |
|---|---|---|---|
| | | | |

সংলগ্নী—২

## জোনে স্থাপিতব্য শিল্পের বিবরণ

| ক্রমিক নং | শিল্পের ধরণ | ক. সংখ্যা<br>খ. বিনিয়োগ (মিঃ টাকা/মিঃ মার্কিন ডলার)<br>গ. কর্মসংস্থান | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম বৎসর (২০০...) | ২য় বৎসর (২০০...) | ৩য় বৎসর (২০০...) | ৪র্থ বৎসর (২০০...) | ৫ম বৎসর (২০০...) | পরবর্তী বৎসর |
| | | | | | | | |
| মোটঃ | সংখ্যা ঃ | | | | | | |
| | বিনিয়োগ ঃ | | | | | | |
| | কর্মসংস্থান ঃ | | | | | | |

সংলগ্নী–৩

## ভূমি ও পরিবেশ সংক্রান্ত বিবরণী
(প্রযোজ্য অংশ পূরণ করুন)

১। প্রস্তাবিত জোনের অবস্থান (সাইট ম্যাপসহ) ঃ

২। জোনের অন্তর্ভুক্ত ভূমির পরিমান (ম্যাপসহ) ঃ

৩। উদ্যোক্তা কোম্পানীর নিজস্ব ব্যবহৃত ভূমির পরিমাণ (ম্যাপে দাগ নম্বর চিহ্নিত করুন) ঃ

৪। সরকারী খাস জমি প্রয়োজন হইলে উহার পরিমাণ (দাগ নং, মৌজা ম্যাপ ইত্যাদি উল্লেখ করিতে হইবে) ঃ

৫। বেসরকারী ভূমি অধিগ্রহণের জন্য আবেদন করা হইলে উহার বিবরণ (পরিমান, দাগ নম্বর, খতিয়ান নম্বর, মৌজা ম্যাপ ইত্যাদি) ঃ

৬। ভূমি ব্যবহারের পরিকল্পনা (লে-আউট প্লান সংযুক্ত করিতে হইবে) ঃ

ক. শিল্প স্থাপনের জন্য ব্যবহৃত ভূমির পরিমাণ (%) ঃ

খ. দাপ্তরিক ও আবাসিক ভবন নির্মাণের জন্য ব্যবহৃত ভূমির পরিমাণ (%) ঃ

গ. অন্যান্য কাজের জন্য ব্যবহৃত ভূমির পরিমাণ (%) ঃ

৭। প্রস্তাবিত জোনের পারিপার্শ্বিক অবস্থার বিবরণ ঃ

৮। প্রস্তাবিত জোন সড়ক ও জনপথ দ্বারা সংযুক্ত কি না (বিবরণ দিতে হইবে) ঃ

৯। নদী বন্দর/সমুদ্র বন্দর হইতে দূরত্ব (কিঃমিঃ) ঃ

১০। বিমান বন্দর হইতে দূরত্ব (কিঃমিঃ) ঃ

১১। নিকটবর্তী রেল স্টেশনের দূরত্ব (কিঃমিঃ) ঃ

১২। জোনের অভ্যন্তরে কোন কবরস্থান/শ্মশান/উপাসনালয়/জনবসতি রহিয়াছে কিনা (বিস্তারিত বিবরণ দিন) ঃ

১৩। জোন স্থাপনের ফলে পরিবেশের উপর প্রতিক্রিয়া সংক্রান্ত পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ঃ

সংলগ্নী-৪

জোন/অবকাঠামো উন্নয়ন পরিকল্পনা

| কাজের বিবরণ | বিদ্যমান | ১ম বৎসর | ২য় বৎসর | ৩য় বৎসর | ৪র্থ বৎসর | ৫ম বৎসর |
|---|---|---|---|---|---|---|
| ভূমি ঃ | | | | | | |
| ভূমি ক্রয় (বেসরকারী) একর | | | | | | |
| ভূমি ক্রয় (সরকারী) একর | | | | | | |
| ভূমি উন্নয়ন (একর) | | | | | | |
| প্লট প্রস্তুতকরণ (সংখ্যা) | | | | | | |
| অবকাঠামো ঃ (বিবরণ প্রদান করিতে হইবে) | | | | | | |
| পাকা রাস্তা (কিঃমিঃ) | | | | | | |
| প্রাচীর (কিঃমিঃ) | | | | | | |
| স্যুয়ারেজ লাইন (কিঃমিঃ) | | | | | | |
| গ্যাস পাইপ স্থাপন | | | | | | |
| বিদ্যুৎ বিতরণ লাইন | | | | | | |
| টেলিযোগাযোগ (ভিস্যাট/টেলিফোন ক্যাবল স্থাপন/সংযোগ) | | | | | | |
| পানির ব্যবস্থাকরণ | | | | | | |
| বর্জ্য পরিশোধন ব্যবস্থা | | | | | | |
| জেটি | | | | | | |
| টার্মিনাল | | | | | | |
| অন্যান্য | | | | | | |
| ভবন ঃ | | | | | | |
| অফিস ভবন | | | | | | |
| আবাসিক ভবন | | | | | | |
| গেস্ট হাউস | | | | | | |
| সপিং মল | | | | | | |
| কেন্দ্রীয় গুদাম | | | | | | |
| অন্যান্য (উল্লেখ করতে হবে) | | | | | | |

| যন্ত্রপাতি স্থাপন ঃ (বিবরণ প্রদান করিতে হইবে) | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ কেন্দ্র (মেগাওয়াট) | | | | | | |
| অন্যান্য | | | | | | |
| ১. | | | | | | |
| ২. | | | | | | |
| ৩. | | | | | | |
| ৪. | | | | | | |

সংলগ্নী-৫

## যন্ত্রপাতির তালিকা

ক. আমদানীতব্য ঃ

| ক্রমিক নং | যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | মূল্য | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | (মিলিয়ন টাকায়) | (মিলিয়ন ডলারে) | |
| | | | | | |
| মোট ঃ | | | | | |

খ. স্থানীয়ভাবে সংগৃহীতব্য ঃ

| ক্রমিক নং | যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | মূল্য | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | (মিলিয়ন টাকায়) | (মিলিয়ন ডলারে) | |
| | | | | | |
| মোট ঃ | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধানমন্ত্রীর কার্যালয়

বাংলাদেশ বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল গভর্ণর বোর্ড

(নির্বাহী সেল)

ফরম 'খ'

[ প্রবিধান ৪(৫) দ্রষ্টব্য ]

## লাইসেন্স ফরম

প্রতি

.................................................

.................................................

.................................................
(উদ্যোক্তা কোম্পানীর নাম ও ঠিকানা)

যেহেতু.........................................................................কে উদ্যোক্তা কোম্পানী হিসাবে বেসরকারী রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল আইন, ১৯৯৬ অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত এর ধারা ১০(১) অনুসারে ইতোমধ্যে জোন প্রতিষ্ঠার জন্য অনুমতিপত্র দেওয়া হইয়াছে;

এবং যেহেতু উদ্যোক্তা কোম্পানী অনুমতিপত্র প্রাপ্তির পর নিম্নে বর্ণিত তফসিলভুক্ত এলাকায় জোন এলাকা নির্দিষ্ট করিয়াছে;

এবং যেহেতু গভর্ণর বোর্ড উক্ত তফসিলভুক্ত এলাকাকে উক্ত আইনের ধারা ১১(১) অনুসারে জোন হিসেবে ঘোষণা করিয়াছে;

সেহেতু উক্ত আইনের ধারা ১১(২) এ প্রদত্ত ক্ষমতাবলে বোর্ড উদ্যোক্তা কোম্পানীকে জোন স্থাপনের জন্য উক্ত তফসিলভুক্ত এলাকায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে লাইসেন্স মঞ্জুর করিল ঃ—

**(লাইসেন্স প্রদানের সময় শর্ত উল্লেখ করিতে হইবে)**

এই লাইসেন্স উদ্যোক্তা কোম্পানী.........................................................অনুকূলে ইস্যু করা হইল, যাহা এই লাইসেন্স ইস্যুর তারিখ হইতে কার্যকর হইবে।

তফসিলভুক্ত এলাকা

(ক) বর্ণনা

| দাগ নং | মৌজা | খতিয়ান | ইউনিয়ন/উপজেলা | জেলা |
|---|---|---|---|---|
| | | | | |

(খ) সীমানা

বোর্ডের আদেশক্রমে

**এম এইচ ফরহাদ খান**
মহাপরিচালক
প্রধানমন্ত্রীর কার্যালয়।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।